

মীর খায়রুল আলম | খুলনা | 21 April, 2025

সাতক্ষীরায় বিজিবির অভিযানে ২০ হাজার পিচ ইয়াবা জব্দ করেছে বিজিবি সদস্যরা। সোমবার ২১ এপ্রিল সাতক্ষীরা সীমান্তে মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে এ মালামাল জব্দ করে।

জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর অধীনস্থ ভোমরা বিওপির লক্ষ্মীদারী নামক স্থান হতে ভারতীয় ইয়াবা বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে আগমন করবে। উক্ত সংবাদ প্রাপ্তির পর নায়েক শরীফুল ইসলাম এর নেতৃত্বে একটি চৌকষ আভিযানিক দল সেখানে অভিযান পরিচালনা করে। এ সময় চোরাকারবারীরা বিশেষ কৌশলে পার হওয়ার সময় বিজিবি টহল দলের উপস্থিতি বুঝতে পেরে স্কচটেপ দ্বারা পঁচানো অবস্থায় ২টি প্লাষ্টিকের ব্যাগ ফেলে দৌড়ে পালিয়ে যায়। পরবর্তীতে আভিযানিক দল প্লাষ্টিকের ব্যাগের মধ্য হতে ২০ হাজার পিস ভারতীয় ইয়াবা উদ্ধার করে।

আটককৃত ভারতীয় ইয়াবার মূল্য ৬০ লক্ষ টাকা। সাতক্ষীরা ৩৩ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল মোঃ আশরাফুল হক পিবিজিএম, পিএসসি, জি এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন।

বিজিবি ইয়াবা জব্দ

URL: <https://timestodaybd.com/khulna/7758071212>